R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

ভি ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ
ব্রাঞ্চ : ষ্টুডিও চিত্রশ্রী-২
রঘুনাথগঞ্জ ॥ ফুলতলা
এজেন্ট : স্ন্যাপ কালার ল্যাবঃ

৭৭শ বর্ষ
৪৬শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ১৯শে চৈত্র বুধবার, ১৩৯৭ সাল
৩রা এপ্রিল, ১৯৯১ সাল।

নগদ মূল্য : ৫০ পয়সা
বার্ষিক ২৫৲

বাস ষ্টপেজ দাবীর আন্দোলনে যাত্রী আহত, মিনিবাস ক্ষতিগ্রস্ত, প্রতিবাদে বাস ধর্মঘট

রঘুনাথগঞ্জ : গত ১ এপ্রিল বিজেপির ডাকে ৩৪নং জাতীয় সড়কে মথুরাপুরে বাস ষ্টপেজের আন্দোলনে রাস্তা অবরোধ করা হয়। উল্লেখ্য জাতীয় সড়কের সব ষ্টপেজের দাঁড়ানোর বাস নেই বললেই চলে। আর টি এর সঙ্গে বাস মালিক সমিতির বোঝাপাড়ায় প্রায় বাসই এখন এক্সপ্রেস বলে গণ্য হয়ে বেপরোয়া গতিতে দূর দূর ষ্টপেজ অনুযায়ী যাতায়াত করছে। যার ফলে অসুবিধায় পড়ে গ্রামবাসীরা এই আন্দোলনে শরিক হন। অবরোধকারীদের ইঁটের আঘাতে 'কৃষাণ' মিনিবাসের সামনের কাঁচের শার্সি ভেঙে ড্রাইভার ও কয়েকজন যাত্রী আহত হন। এরই প্রতিবাদে সমস্ত রুটের বাস বন্ধ করে দেন বাস মালিক সমিতি, তাঁরা অপরাধীদের গ্রেপ্তার দাবী করেন। তাঁরা অভিযোগ করেন ষ্টপেজের দাবীতে বিজেপি রীতিমত ঘোষণা করে আন্দোলন শুরু করা সত্ত্বেও প্রশাসন থেকে কোন পুলিশী নিরাপত্তার ব্যবস্থা না করায় এই দুর্ঘটনা ঘটে। পরে বিজেপি নেতাদের হস্তক্ষেপে সাময়িক ভাবে উভয় আন্দোলনই তুলে নেওয়া হয়। প্রসঙ্গত উল্লেখ্য বর্তমানে 'দাদাভাই পরিবহণ' কর্তৃপক্ষ ৩৪নং জাতীয় সড়কে সব ষ্টপেজে থামার বাস 'পার্থতীর্থ' কিনে নিয়ে সেটিকে ভায়া সাগরদীঘি চালাচ্ছেন 'দাদাভাই-৩' নাম দিয়ে। অন্যদিকে 'জুয়েল ট্রাভেলস্' নামে বাসটি সব ষ্টপেজে থেমে দিনে চারবার মোরগ্রাম-রঘুনাথগঞ্জ যাতায়াত না করে (শেষ পৃষ্ঠায়)

সাংবাদিক সম্মেলন ডেকে পুরপতি বললেন

রঘুনাথগঞ্জ : জঙ্গিপুর সংবাদে পুরপতির আচরণ নিয়ে কয়েকটি সংবাদ পরিবেশনের ভিত্তিতে পুরপতি মৃগাঙ্ক ভট্টাচার্য গত ২২ মার্চ পুর ভবনে স্থানীয় সংবাদপত্রের সম্পাদকদের আমন্ত্রণ জানিয়ে তাঁর বক্তব্যে বলেন—তিনি যেসব কাজ করেছেন তা জনস্বার্থেই করেছেন, অন্য কোন উদ্দেশ্য তাঁর ছিল না। টিউবওয়েলের সংবাদ সম্বন্ধে তিনি বলেন—জরুরী ভিত্তিতে রোজা ও রমজান মাসে যাতে পুরবাসীদের জলকষ্টে না পড়তে হয় সে কারণেই 'বিস্কো' পাম্প না পাওয়ায় 'মা মনসা' পাম্প দিয়েই টিউবওয়েল তিনি নামিয়ে দিতে বলেন। তিনি স্বীকার করেন জনস্বার্থের কথা চিন্তা করতে গিয়ে তিনি হয়তো কিছু বেনিয়ম করেছেন। অর্থাৎ বোর্ড মিটিং এ না সিদ্ধান্ত নিয়েই ওই কাজ করা হয়েছে। কিন্তু মানবিকতা ও জনস্বার্থের দিক দিয়ে তাঁর ওই সিদ্ধান্ত সঠিক বলে তিনি মনে করেন। পুরপিতা হিসাবে বোর্ডের অনুমতি ছাড়া তিনি ৫০০০৲ পর্যন্ত খরচ করতে পারেন, সে স্বাধীনতা পুরবোর্ডই তাঁকে দিয়েছেন বলে মৃগাঙ্ক ভট্টাচার্য জানান। তিনি বলেন ৬ লক্ষ ৬০ হাজার টাকার মধ্যে ৬ লক্ষ ৩০ হাজার জঙ্গিপুর পারে এবং মাত্র ৩০ হাজার টাকা রঘুনাথগঞ্জে মঞ্জুর হয়েছে একথা সর্বাংশে সঠিক নয়। কেন না ঐ টাকার মধ্যে ৪ লক্ষ টাকার যে কাজটি (পুরোনো থানড়া রোডে) করা হচ্ছে তা বিশেষ মঞ্জুরী হিসাবে সরকারী সাহায্যে হচ্ছে। তিনি এ ব্যাপারে বিস্তারিতভাবে বলেন পুরসভাকে সরকারী সাধারণ উন্নয়ন খাতে তিন লক্ষ বিরানব্বই হাজার ও বস্তি উন্নয়ন খাতে তিন লক্ষ চৌদ্দ হাজার টাকা সরকার থেকে মঞ্জুর করা হয়েছে। ১৫টি ওয়ার্ডে এই টাকায় ৫৪টি স্কীম ঠিক করে টাকা ভাগ করেও দেওয়া হয়েছে। এছাড়া (শেষ পৃষ্ঠায়)

ডাঃ গৌরীপতি চ্যাটার্জী চলে গেলেন

রঘুনাথগঞ্জ : স্থানীয় শহরের লব্ধ প্রতিষ্ঠ প্রবীণ চিকিৎসক ডাঃ গৌরীপতি চ্যাটার্জী (মণিবাবু) গত ৩ এপ্রিল ভোরে ৭১ বছর বয়সে কলকাতার এক নার্সিং হোমে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক পুত্র ও তিন কন্যা রেখে গেছেন। মণিবাবু চিকিৎসা শাস্ত্রে উচ্চ শিক্ষা লাভের জন্য দু'বার লণ্ডনে যান এবং সেখানে চক্ষু চিকিৎসাসহ চিকিৎসায় বিভিন্ন বিভাগে কৃতিত্বের সঙ্গে উত্তীর্ণ হয়ে ডিগ্রি নিয়ে নিজের দেশে ফিরে আসেন। সুযোগ থাকা সত্ত্বেও নিজের জন্মস্থানকে ভালবেসে এই ছোট্ট শহরকে তাঁর কর্মস্থান হিসেবে বেছে নিয়ে শেষদিন পর্যন্ত এখানে কাটিয়ে যান। স্পষ্টবাদী দৃঢ়চেতা এই মানুষটি শুধু ডাক্তার হিসাবেই নয় বহু ব্যাপারে স্থানীয় মানুষদের সঙ্গে কাজ করে গেছেন। তিনি দীর্ঘদিন স্থানীয় উচ্চ বিদ্যালয়ের সম্পাদক ছিলেন এবং ঐ বিদ্যালয়ের উন্নতিতে অর্থ ও সামর্থ্য দিয়ে সাহায্য করে গেছেন। কলেজ গভর্ণিং বডির ও বালিকা বিদ্যালয়ের তিনি সদস্য ছিলেন। ১৯৬৮ থেকে ৭৯ সাল পর্যন্ত দীর্ঘ এগার বছর মণিবাবু জঙ্গিপুর পৌরসভার পুরপতি হিসাবে যোগ্যতার সঙ্গে কাজ করে যান। স্থানীয় 'অরবিন্দ ভবন' তাঁরই দানে গড়ে উঠে। তাঁর মৃত্যুর খবর ছড়িয়ে পড়ার সঙ্গে সঙ্গে সমস্ত শহরে শোকের ছায়া নেমে আসে। কলকাতা থেকে সন্ধ্যায় তাঁর মরদেহ নিজ বাড়ীতে আনার পর শহরের বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠান পুষ্পমাল্য দিয়ে তাঁকে শেষ শ্রদ্ধা জানান। পরে সেদিনই স্থানীয় শ্মশানে তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়।

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ

১৯শে চৈত্র বুধবার ১৩৯৭ সাল

॥ উপশল্য ॥

মৃত জীবজন্তু ফেলিয়া দেওয়া হয় যে নির্দিষ্ট স্থানে, সাধুভাষায় তাহাকে 'উপশল্য' বলা হয় যাহা অর্বাচীন ভাষায় 'ভাগাড়' নামে অভিহিত। পরিত্যক্ত জীবদেহ ভক্ষণের জন্য বায়স, গৃধ্র, সারমেয় প্রভৃতির ভীড় লাগিয়া যায়। ইহারা ভাগ-বাঁটোয়ারার তাগিদে মাঝে মাঝে পারস্পরিক দ্বন্দ্ব-হানাহানিতে যে লিপ্ত হয় না, এমন নহে। কিন্তু ইহাও লক্ষ্য করা যায় যে, ইহারা সহাবস্থান নীতি মানিয়া চলিতেছে। অর্থাৎ কলহ ভুলিয়া সকলে ভক্ষণ কার্যে ব্যস্ত।

এই দেশও আজ উপশল্য বিশেষ। শাসন ব্যবস্থায় ক্ষমতা দখলের জন্য আসন লাভ তথাকথিত মৃত জীবদেহ। আর দলীয় লড়াই বায়স-গৃধ্রাদির কলহ। সহাবস্থান? কদাচ নহে। সমঝোতার ভিত্তিতে হউক, অথবা অন্য যে ভাবেই হউক, কে কখন অন্যকে 'ল্যাং' মারিয়া পুনরায় উপশল্যে জুটিতে পারিবে, তাহার ঠিক নাই।

দশম লোকসভা নির্বাচন একই কারণে আজ অনিবার্য হইয়া পড়িয়াছে। যে মদতে চন্দ্রশেখর-সরকার ক্ষমতা লাভ করিয়াছিল, চার মাসের মধ্যেই তাহার পরিসমাপ্তি ঘটিয়া গেল। ইহার পূর্বে ভি পি সিং-সরকার এগারো মাস শাসন-রসাস্বাদন করিয়াছিল। লোকসভা নির্বাচনের সঙ্গে এই রাজ্যের বিধানসভার নির্বাচন অনুষ্ঠিত হইবে।

অতএব এখন 'উপশল্যে' 'সমবেতা যুযুৎসবঃ'—শাসনের আসনলিপ্সু ঈশ্বরপুত্রগণ। তাঁহারা এখন হইতে জনগণের মনে প্রভাব বিস্তারের উদ্দেশ্যে স্ব স্ব দলের উজ্জ্বল ঐতিহ্য তথা শাসন-দক্ষতা ও জনকল্যাণমূলক বহুবিধ নমুনার উল্লেখ করিবেন এবং দেশের মানুষের উজ্জ্বলতর কল্যাণময় ভবিষ্যতের প্রতিশ্রুতির ফুলঝুড়ি ছড়াইবেন। সাময়িকভাবে 'ক্যামোফ্লেজ'-গ্রস্ত হইয়া অথবা আশার কুহকে ভুলিয়া মদত দেওয়া হইবে। তাহার পর বুঝা যাইবে—'স্বপ্নো নু মায়া নু'। ঘন ঘন সরকার বদল গণতান্ত্রিক পরাকাষ্ঠার যদি চ নির্দশন, তবু তাহা বিশ্ববন্দিত না বিশ্বনিন্দিত, তাহা অবশ্য ইতিহাসের বিষয়। তথাপি থামিলে চলিবে না, গতিই জীবন।

অর্থশ্রাদ্ধ যাহা হইবে, তা অকল্পনীয়। দেশের বহু সমস্যা। আর্থিক সমস্যাও প্রবল। দলীয় খেলোয়াড়দের খেয়াল চরিতার্থ করিতে নির্বাচনের বিপুল কর্মযজ্ঞে বিপুল অর্থব্যয় সেই সমস্যাকে বর্দ্ধিত করিবে মাত্র। তাহাতে কী আসে যায়? থামিলে চলিবে না, গতিই জীবন।

অতঃপর ব্যক্তিশ্রাদ্ধ। কোন ব্যঞ্জনার ব্যাপার নহে। বৈজ্ঞানিক যুগে বৈজ্ঞানিক রিগিং ভোটকার্যে স্বীকৃত। নৈতিক-অনৈতিক প্রশ্ন অবান্তর। শিক্ষায়, শিল্পে, সমৃদ্ধিতে রাজ্য অপরাপর অনেক রাজ্যের অপেক্ষা পিছাইয়া পড়িলেও বৈজ্ঞানিক রিগিং-এ নাকি পুরোধা। আর সেই কর্ম সম্পাদনে যে সব প্রক্রিয়ার প্রয়োজন, নিন্দুকদের আখ্যায় তাহা গুণ্ডাবাজী। সুপরিকল্পিতভাবে বুথ দখল, ছাপ্পা ভোট চলিতে পারে। প্রতিবাদে সংঘর্ষ। বোমা-গুলি-ছোরায় কিছু অকুস্থলে, কিছু হাসপাতালে প্রাণ দিবেন। তবু থামিলে চলিবে না, গতিই জীবন।

আসন্ন নির্বাচনের দিনটিতে ভোট কেন্দ্রে ভোটার আসিবেন, ভোট দিবেন। কেহ কেহ হয়ত অবাক হইবেন দেখিয়া যে ভোট কেন্দ্রে উপস্থিত হইবার পূর্বেই তাঁহারা ভোট দিয়াছেন। প্রতিবাদের প্রচেষ্টা নিষ্ফল। সান্ত্বনা এই যে, বিজয়ী দলের পক্ষ হইতে সর্বশ্রেণীর মানুষ ন্যায়সঙ্গত (?) ভোট দানের জন্য হার্দিক (?) অভিনন্দন লাভ করিবেন। উপশল্যে শান্তি আসিবে।

একটু ভাবুন কমরেড

সম্প্রতি জঙ্গিপুর-রঘুনাথগঞ্জের রাজনীতি সচেতন মহলে আলোচনার বিষয়বস্তু—জঙ্গিপুর পুরসভার সাম্প্রতিক দুর্নীতি। অবশ্য কিছু মানুষ এবং মার্কসবাদী পার্টিতে নতুন আসা ভাসমান কমরেডরা বলছেন—এ আর নতুন কথা কি? যার জন্ম দুর্নীতির তিথিতে সেখানে দুর্নীতি তো থাকবেই। জঙ্গিপুর পুরসভা কবে দুর্নীতি মুক্ত ছিল? প্রশ্নটি এখানেই কমরেড!

সেদিন দুর্নীতি ছিল আজকেও দুর্নীতি আছে। সেদিন দুর্নীতি করেছে ব্যক্তি, সেদিন দুর্নীতি করেছে কংগ্রেস—জ্যোতিবসুর ভাষায় 'দুর্নীতি কংগ্রেসের কালচার, দুর্নীতি ছাড়া কংগ্রেস বাঁচে না।' আর আজ দুর্নীতি করছে সি পি এম—যার কালচার কংগ্রেসের কালচারের ঠিক বিপরীত বলে সাধারণ মানুষ এতদিন মনে করতো। একদা সি পি এম কর্মী বা নেতা বলতে চোখের সামনে ভাসতো রুক্ষ শরীর, প্রতীজ্ঞায় দৃঢ়, নীতিতে অবিচল, সত্য ও সমাজের প্রতি দায়বদ্ধ, অন্যায়ের প্রতি নির্মম, দুর্নীতি মুক্ত, সামাজিক ও মানসিক শোষণ মুক্ত এক সুন্দর সমাজ গড়ার কাজে নিবেদিত প্রাণ, সহজ সরল জীবনযাত্রায় অভ্যস্ত ঔদ্ধত্যহীন এক সাচ্চা মানুষ। যারা প্রতি পদে সংগ্রাম করে অন্যায়ের বিরুদ্ধে, দুর্নীতির বিরুদ্ধে। মাও-সে-তুং এর ভাষায় "প্রত্যেক কমিউনিষ্টের কর্তব্য হল ঔদ্ধত্য ও একাকীত্ব থেকে নিজেকে মুক্ত করা। কখনও কোন অবস্থাতেই কমিউনিষ্ট তার ব্যক্তিগত স্বার্থ আগে দেখবে না। স্বার্থপরতা, শিথিলতা, দুর্নীতি, নাম কেনার চেষ্টা প্রভৃতি একান্ত ছোট কাজ। নিঃস্বার্থপরতা, সর্বশক্তি দিয়ে কাজ করা, মনপ্রাণ দিয়ে জনসেবা, নীরবে কঠিন কাজ করে যাওয়া এই সব সদ্‌গুণই শ্রদ্ধা আকর্ষণ করে।" (মাও-সে-তুং রচনাবলীর ২ খণ্ড থেকে) সব রকম সামাজিক ও মানসিক সদ্‌গুণের আলোকে উদ্ভাসিত কমিউনিষ্ট পুরপিতাকে সম্প্রতি ছোবল মেরেছে 'মা মনসা পাম্প' দুর্নীতির বিষভরা এক পুর কমিশনারের ছাপানো লেটার প্যাডের একটি চিঠি। যা 'জঙ্গিপুর সংবাদ'ত আগেই প্রকাশিত হয়েছে। সাপে কামড় দিলে তার চিকিৎসা আছে। কিন্তু আমাদের পুরপিতা দম্ভভরে বিষকে মাথায় তোলার বাহাদুরিতে মেতেছেন। ভুল মানুষের হতে পারে, পদস্খলনও হতে পারে। মার্কসীয় দর্শনে এটা কোন অপরাধ নয়। ভুল থেকে শিক্ষা নেওয়া মার্কসবাদীদের একটা প্রধান গুণ। কিন্তু ন্যায়নিষ্ঠ কমিউনিষ্ট পুরপিতা নাকি ক্ষেপে গিয়ে ফতোয়া জারি করেছেন—হয় অরুণের চাকরি থাকবে, নয় উনি পুরপিতা থাকবেন। চমৎকার নিদান! আত্ম সমালোচনার বদলে আত্মদম্ভের হুংকার। সাবাস সাচ্চা কমিউনিষ্ট!

কে এই অরুণ? কি তাঁর অপরাধ? আজ্ঞে না অরুণ কোন নামী দামী লোক নন। একজন স্বল্প বেতনের অস্থায়ী পুর কর্মচারী। নিরীহ ছাপোষা চরিত্র। তাঁর অপরাধ কমিশনার অচিন্ত্য দাস, এ, হান্নান, স্যানিটারি ইন্সপেক্টর মিঃ শর্মা, পুরপিতা এবং দোকানদার ছবিদা'র গোপন ও অশুভ আঁতাতের একটি চিঠি বহন করা। অর্থাৎ সাক্ষী রেখে চুরি করলেন বড় কর্তা, চাকরি যাবে চাপরাশির। এ এক মজার ব্যাপার।

পুরপিতার নিশ্চয়ই অজানা নয়—টেণ্ডার অনুসারে গ্রহণীয় নির্দিষ্ট ব্র্যাণ্ডের মাল বিনা কারণে বাতিল করে অন্য ব্র্যাণ্ডের মাল কেনা ভিজিলেন্স অপরাধে দুর্নীতির অন্তর্গত। পুরপিতার হাতের লেখা ও স্বাক্ষর যুক্ত সেই (৩য় পৃঃ দ্রষ্টব্য)

চিঠি-পত্র

(মতামত পত্র লেখকের নিজস্ব)

গৃহবধূ হত্যা প্রসঙ্গে

আপনার সংবাদ পত্রে ২৭ মার্চ, ১৯৯১ তারিখে প্রকাশিত—'শ্বাসরোধ করে গৃহবধূকে হত্যা করা হলো' শিরোনামায় পরিবেশিত সংবাদ পড়ে এই প্রতিবাদ জানাতে বাধ্য হলাম। মৃতা বনলতার শ্বশুর আমার ভাইরাভাই একথা সত্য, কিন্তু তিনি বা তাঁর বাড়ীর পলাতক লোকজন আমার বাড়ীতে আশ্রয় লয় নাই বা বর্তমানেও নাই। বধূ বনলতা দাসের এই মৃত্যুর জন্য আমি, আমার পরিবারের সকলেই বিশেষ শোকাহত। —শ্রীনবকুমার দাস, জঙ্গিপুর মহাবীরতলা।

দুর্গাপুর রঘুনাথগঞ্জ বাস চলছে

রঘুনাথগঞ্জ ঃ স্থানীয় জনগণ, মহকুমা শাসক এবং পুরপিতার আন্তরিক চেষ্টায় এবং জঙ্গিপুর সংবাদ বন্ধ বাসটি চালু করার ব্যাপারে বার বার দাবী তোলায় শেষ পর্যন্ত গত ২০ মার্চ থেকে দুর্গাপুর—রঘুনাথগঞ্জ বাসটি নিয়মিত রঘুনাথগঞ্জ আসছে ও জঙ্গিপুর মহকুমা শাসকের অফিস চত্বরে রাতে থাকছে।

একটু ভাবুন কমরেড

(২য় পৃষ্ঠার পর)

চিঠি ত নির্দেশ ছিল আগে মা মনসা ব্র্যাণ্ডের পাম্প কেনা হবে, পরে টেণ্ডারের ব্র্যাণ্ড বিস্কো পাম্প বাতিল হবে। যদিও সকলেই জানে বিস্কো পাম্পের গুণগত মান মা মনসার থেকে উন্নত। আর এটি করতে পুরপিতাকে দুর্নীতি ও মিথ্যার আশ্রয় নিয়ে ব্যাক ডেটে সাপ্লাই অর্ডার ও রেজিলিউসন পাশ করাতে হবে। সাথে সাথে স্যানিটারি ইন্সপেক্টরও জেনে শুনে দুর্নীতি করবেন তার রিসিভ-ইস্যু রেজিষ্টার ও মেজারমেণ্ট বুকে কারচুপির মাধ্যমে। আর এই কারচুপির অংশ নেওয়া কুশীলবদের পকেট যে ফুলবে না একথা কেউ বিশ্বাস করবে না। কারণ একজন কমিউনিষ্ট পুরপিতা নিশ্চিতভাবে তাঁর বিশ্বাসযোগ্যতা হারিয়ে একজন গরীবকে চাকরি থেকে খতম করার হুংকারে মেতেছেন। তাই বলছিলাম একটু ভাবুন কমরেড—"একজন সাচ্চা কমিউনিষ্টের মজুর শ্রেণী তথা মেহনতী মানুষের স্বার্থের প্রতি প্রগাঢ় অনুরাগ থাকে। জীবিকা হারাবার, মনুষ্যত্বের পর্যায় থেকে নেমে যাবার ভয় আছে বলেই কমিউনিষ্টরা উজ্জ্বল ভবিষ্যৎ, সুন্দর ও সুখী জীবনের জন্য সংগ্রাম করে।" (কমিউনিষ্ট পার্টি কি ও কেন পুস্তক থেকে) —মিস মার্গারেট হেন্স

কলেজ ইউনিয়নে জটিল অবস্থা

অরঙ্গাবাদ ঃ স্থানীয় ডি এন কলেজের ছাত্র সংগঠনের ভোটে এক জটিল অবস্থা সৃষ্টি হ'য়েছে। প্রাতঃ বিভাগে ছাত্র-পরিষদ জয়ী হলেও দিবা বিভাগে ছাত্র-পরিষদ ২৬ ও বামজোট ২৬ হওয়ায় অবস্থা জটিল হ'য়ে পড়েছে। বিগত বছরে জি এস ছাত্র-পরিষদের থাকায় ভোট এবং প্রিন্সিপ্যাল বা প্রেসিডেণ্ট ভোটের উপর এখন জয় পরাজয় নির্ধারিত হবে। অর্থাৎ প্রিন্সিপ্যাল বা প্রেসিডেণ্ট কি করবেন তার উপরই সব নির্ভর করছে।

বিদ্যুৎ কর্মী সংস্থার বিক্ষোভ

রঘুনাথগঞ্জ ঃ পঃ বঃ রাজ্য বিদ্যুৎ পর্ষদ ওয়ার্কমেনস্ ইউনিয়ান গত ২৫ মার্চ সাত দফা দাবী নিয়ে স্থানীয় গ্রুপ সাপ্লাই অফিসে বিক্ষোভ দেখান ও ডেপুটেশন দেন। যন্ত্রপাতি সরবরাহ, প্রয়োজনীয় কর্মী নিয়োগ, বিভিন্ন প্রকার দুর্নীতি বন্ধের ব্যবস্থা প্রভৃতি দাবীগুলিসহ অরুণ কুণ্ডুর নেতৃত্বে শতাধিক সদস্য এই বিক্ষোভে যোগ দেন। পরে ৫ জন সদস্যসহ শ্রীকুণ্ডু স্থানীয় কর্তৃপক্ষের কাছে ডেপুটেশন দেন। কর্তৃপক্ষ দাবীগুলির যৌক্তিকতা স্বীকার করে প্রতিকারের আশ্বাস দেন বলে খবর।

প্রাক্তন প্রিন্সিপ্যালের জীবনাবসান

ফরাক্কা ঃ গত ২০ মার্চ ফরাক্কা কেন্দ্রীয় বিদ্যালয়ের প্রাক্তন প্রিন্সিপ্যাল অমলকান্তি ঘোষ ৬৮ বছর বয়সে মালদায় তাঁর বাসভবনে মারা যান। তিনি দীর্ঘদিন ফরাক্কা কেন্দ্রীয় বিদ্যালয়ে সুনামের সঙ্গে শিক্ষকতা করেন। তাঁর মৃত্যুর খবর ছড়িয়ে পড়ার সাথে সাথে ফরাক্কা ব্যারেজ অঞ্চলে শোকের ছায়া নেমে আসে। প্রয়াত ঘোষের মরদেহ ফরাক্কা ব্যারেজ শ্মশান ঘাটে নিয়ে আসা হয় ও হাজার হাজার গুণ মুগ্ধ ব্যক্তি ও ছাত্রদের উপস্থিতিতে শেষ কৃত্য সম্পন্ন করা হয়।

বিজ্ঞান প্রবণতা উন্নয়ন শিবির

রঘুনাথগঞ্জ ঃ গত ২১ থেকে ২৬ মার্চ স্থানীয় উচ্চ বিদ্যালয়ের নতুন ভবনে নিখিল ভারত বিজ্ঞান শিক্ষক সমিতি পঃ বঃ এর পরিচালনায়, পঃ বঃ মধ্য শিক্ষা পর্ষদ এবং বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তর পঃ বঃ সরকারের সহযোগিতায় বিজ্ঞান প্রবণতা উন্নয়ন শিবির অনুষ্ঠিত হয়। রঘুনাথগঞ্জ সার্কেলের ১০টি প্রাথমিক বিদ্যালয়ের ৩০ জন ছাত্র-ছাত্রী এই শিবিরে অংশ গ্রহণ করে। অনুষ্ঠান উদ্বোধন করেন রঘুনাথগঞ্জ ১নং ব্লকের বি ডি ও মৃণাল সেনগুপ্ত ও প্রধান শিক্ষক রমাপতি মণ্ডল। ৬ দিন ধরে এই শিবির পরিচালনা করেন রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়ের শিক্ষক অনুপ চক্রবর্তী, নিমাই সাহা এবং বাহাদিনগর প্রতাপপুর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক বামাপদ দাস।

সমসেরগঞ্জ থানায় অতিরিক্ত এস আই পদ মঞ্জুর

ধুলিয়ান ঃ শহরে ও আশপাশে চুরি ছিনতাই ক্রমশঃ বেড়ে চলায়, নতুন জেলা পুলিশ সুপারের প্রচেষ্টায় সমসেরগঞ্জ থানায় নতুন আর একটি এস আই এর পদ মঞ্জুর হ'য়েছে বলে খবর।

জায়গা বিক্রী

রঘুনাথগঞ্জ এফ, সি, আই গোডাউনের সন্নিকটে সদর রাস্তার উপর প্রায় ১০ কাঠা জায়গা বিক্রী আছে। যোগাযোগ করুন—

সুকুমার চন্দ (উল ভাণ্ডার)
রঘুনাথগঞ্জ গোডাউন রোড

ম্যাকেঞ্জী রোডে ১৩নং ওয়ার্ডে সদর রাস্তার উপর ০৯ শতক জায়গা বিক্রয় হইবে। যোগাযোগ করুন—

শ্রীশিবপ্রসাদ সরকার
ষ্ট্যাম্প ভেণ্ডার
জঙ্গিপুর রেজেষ্ট্রী অফিস

NTPC
নেশনল থর্মল পাবর কারপোরেশন

National Thermal Power Corporation Ltd.

(A GOVERNMENT OF INDIA ENTERPRISE)

Farakka Super Thermal Power Project

P. O. NABARUN-742236 : DIST. MURSHIDABAD (W.B.)

MATERIALS MANAGEMENT DEPARTMENT (STORES)

CORRIGENDUM

REF. : FS:42:MD:SSID:T-27 Date 23-3-91

Sub : TENDER FOR DISPOSAL OF SCRAP

Further to our Notice Ref. : FS:42:MD:SSID:T-27 dated 26-2-91 for Sale of different scrap materials, the date of issuing Tender Paper has been extended upto 6-4-1991.

Also the date of opening of ferous scrap vide Tender no. FS:42:MD:SSID: T-26 for different lot will be on 18-4-91, For other items the tender will be opened on 20-4-91. All other Terms & Conditions remain unchanged.

Chief Materials Manager

National Thermal Power Corporation Ltd.

(A GOVERNMENT OF INDIA ENTERPRISE)

NTPC
নেশনল থর্মল পাবর কারপোরেশন

Farakka Super Thermal Power Project

P. O. NABARUN-742236 ; DIST. MURSHIDABAD (W.B.)

Contract Services Department

Pre-Qualification Tender For Various Works :

NTPC, Farakka Project is interested in getting the following works executed through reputed agencies. Resourceful contractors having onlane experience for the following engineering works are requested to apply for the tender documents. The qualifying requirements and brief work details for the jobs is as indicated below :

Sl. No.	Tender No.	Brief work description	Estimated value	EMD value	Completion time
1	FS : 43 : CS : 04/T-165	PACKAGE 'A' Interior works package for Administrative building which inter alia includes partioning, panelling, cladding, false ceiling, false flooring, furnitures, (loose & fixed) floor covering draperies, and allied decorative/furnishing works, (area—1300M² approx)	Rs. 50 lacs	Rs, 1 lac	12 months
2,	FS : 43 : CS : 04/T-166	PACKAGE 'B' Description same as above. (area—3700M²)	Rs. 55 lacs	Rs, 1 lac	12 months
3.	FS : 43 : CS : 04/T-167	PACKAGE 'C' Description same as above, Work to be done in Auditorium (plant site), (area 400M²)	Rs. 20 lacs	Rs. 40,000/	12 months
4.	FS : 43 : CS : 04/T-150	Stage craft and stage floor construction at Rabindra Bhavan,	Rs. 20 lacs	Rs, 40,000/	9 months
5.	FS : 43 : CS : 04/T-065	Interior decoration works of Rabindra Bhavan auditorium at our permanent township including false ceiling & wall panelling.	Rs. 12 lacs	Rs. 4,000/	12 months
6,	FS : 43 : CS : 07/T-022	Stage and auditorium lighting of Rabindra Bhavan.	Rs. 12 lacs	Rs. 24,000/	9 months
7,	FS : 43 : CS : 04/T-151	Providing & fixing of farniture for green room, stage including auditorium chairs etc. for Rabindra Bhavan.	Rs. 5·3 lacs	Rs. 10,000/	5 months
8.	FS : 43 : CS : 04/T-157	Supply and fixing of fire check steel doors (double leaf) and frames as per IS : 3614 (part-1) (size 1·5×2·1 mtrs)	Rs. 4 lacs	Rs. 8,000/	9 months
9.	FS : 43 : CS : 06/T-148	Running & Maintenance of NTPC Guest house including catering near Ballygunge area of Calcutta. (7 rooms-20 beds)		Rs. 2,000/	24 months

Qualifying Requirements for The Above Engineering Works :

01. Bidders should have done similar works for PWD/CPWD/MES/Public sector/reputed organisations and preferablly be a registered contractor.

(Cont. 5 page)

(From 4 Page)

02. a) For tenders at sl. no. (1) & (2), the bidders should be a regular contractor for interior works and should have constructed in the last five years atleast two major works of interiors for office complex having an area of not less than 1000 Sq. metres.

b) Value of single contract executed should be atleast Rs, 20 lacs (excluding the cost of airconditioning and ducting work) during the last five years.

c) The bidders average annual turnover in the last two years should not be less than Rs, 40 lacs (excluding cost of airconditioning, ducting work).

03. a) For tender sl. no. (3) the bidders should be a regular interior works contractor having work experience in auditoriums/cinema halls/interiors including accoustical treatment work. They should have constructed in the last five years atleast two works of interiors for auditoriums/cinema halls having an area of not less than 300 Sq. metres.

b) Value of single contract executed in the last two years should be 10 lacs and annual turnover during the last two years should be Rs. 20 lacs.

04. For other tenders, bidder should have successfully executed 75% of the estimated value of the works during the last two years, Value of single work order executed for such works should be atleast 50% of the estimated cost. Copies of work orders/contracts executed should be submitted alongwith their requests for tender forms.

05. Copies of latest Income Tax Clearance Certificate should be submitted.

06. Copies of any major orders/works under execution is to be indicated.

07. For tender sl. no. (9) (Guest house maintenance). ex-servicemen having experience inline will be preferred.

08. Bidders fulfilling the above qualifying requirements are requested to apply for issue of tender documents alongwith documentary proof for various credentials required by us.

B) General Terms & Conditions :

09. The last date for receipt of requests for issue of tender documents alongwith qualifying requirements is 25-4-91. (Thursday)

10. Requests/Applications are to be sent to Dy. Manager (Contract Services) alongwith Demand Draft for Rs. 300/- (for tender sl. nos. 1, 2. 3 & 4) and Rs. 100/- (for sl. nos, 5 to 9) in favour of NTPC encashable at SBI. Andua (branch code-7099) or UBI Khejuriaghat (branch code-C/69). No other forms payment is acceptable. Tender Documents issued are not transferable.

11. The above specification details are only indicative and full details will be given in our tender documents.

12, Bidders are advised to visit the site and familiarise themselves with the site conditions before quoting.

13. The response against these tenders will be used for enlistment of vendors for future business considerations for similar jobs,

14. Applications received for issue of tender documents will be scrutinised and documents will be issued to only prima-facie suitable contractors as decided by NTPC. However, issue of tender documents does not automatically qualify a company and suitability will be decided based on various techno-commercial aspects during bid evaluation.

15. Notwithstanding anything stated above, NTPC reserves the right as such to assess the bidders capacity and capability to perform the various works.

16. The envelopes should be superscribed with the Tender No. and name of work.

17. The value of EMD as indicated above is to be submitted alongwith the bids only. The bid opening dates will be indicated in the respective tender documents for each tender,

1.8 NTPC is not responsible for any postal/communical delays or for non-receipt/late receipt of tender documents.

19. NTPC reserves the right to alter the qualifying requirements and to accept or reject any or all the offers without assigning any reason thereof.

Senior Manager (Contract Services)
NTPC/FSTPP

ডি ই বির হানায় চোরাই মাল উদ্ধার

রঘুনাথগঞ্জ ঃ গত ২০ মার্চ ডি ই বি হঠাৎ স্থানীয় শহরের বিভিন্ন স্থানে হানা দিয়ে এক ট্রাক চোরাই কয়লা, স্থানীয় আমবাগান কলোনীর মুকুন্দ হালদারের বাড়ী থেকে ৮টি টি ভির পিকচার টিউব এবং আইলের উপরের রাস্তা থেকে দাবীহীন ৪ ব্যারেল কেরোসিন উদ্ধার করে। মুকুন্দ হালদারকে গ্রেপ্তার করা হয়েছে।

গ্রামীদের প্রহারে গরু চোর নিহত

ধুলিয়ান ঃ গত ১৭ মার্চ পারশিবপুর চরে গ্রামবাসীদের প্রহারে মেহবুব সেখ (২৯) নামে জনৈক গরু চোর মারা যায়। খবর ১৬ মার্চ রাতে দে ও য়া না পু রে র মেহবুব নতুন জালাদিপুরের ফাইজুল সেখের ২টি বলদ চুরি করে পাচারের সময় পারশিবপুর চরে ধরা পড়ে। গ্রামবাসীরা তাকে ধরে নতুন জালাদিপুরে বলদ সমেত নিয়ে এলে ফাইজুল ও তাঁর সঙ্গীরা মেহবুবকে প্রচণ্ড প্রহার করে সমসেরগঞ্জ থানায় নিয়ে আসার পর মেহবুব মারা যায়। পুলিশ ফাইজুল ও তার ভাইকে গ্রেপ্তার করে জঙ্গিপুর কোর্টে চালান দেয়।

মিনিবাস ক্ষতিগ্রস্ত

(১ম পৃষ্ঠার পর)

দু'বার মোরগ্রাম ও দু'বার ধুলিয়ান যাচ্ছে। মো র গ্রা ম রু টে র 'দাতাবাবা' বাসটিও দীর্ঘদিন বন্ধ। এ ছাড়া ৩৪নং জাতীয় সড়কে সব ষ্টপেজে থামা অন্য বাসগুলিও বন্ধ হয়ে গিয়েছে দীর্ঘদিন থেকে। ফলে মথুরাপুর, শিমলা, বোদপুর, চৌকি, মণ্ডলপুর প্রভৃতি গ্রামের মানুষের অপরিসীম দুর্গতি চলছে। তাঁরা এ ব্যাপারে জেলা ম্যাজিস্ট্রেট, আর টি এ এবং মহকুমা শাসকের নিকট তিন বছর ধরে লেখালিখি ও দেখা করেও কোন কিছু করতে না পেরে আন্দোলনে নামতে বাধ্য হন। জানা যায় উমরপুরের পর ষ্টপেজ সেখদীঘি। এই দীর্ঘ নয় কিলোমিটারের মধ্যে আর কোন ষ্টপেজ নেই। কিন্তু এর পর সেখদীঘি থেকে তিন কিমির মধ্যে পর পর তিনটি ষ্টপেজ রয়েছে। এই বৈষম্যের প্রতিবাদ করেন গ্রামবাসীরা এবং তাঁদের ছেলে-মেয়েদের কলেজ ও স্কুলে যাতায়াতের জন্য মথুরাপুরে বাস ষ্টপেজের দাবী জানান।

রবিদাস উন্নয়ন কমিটির উদ্যোগে মিছিল ও জনসভা

ধুলিয়ান ঃ গত ২৪ মার্চ জঙ্গিপুর মহকুমা রবিদাস উন্নয়ন কমিটির উদ্যোগে গুরুসন্ত রবিদাসের জন্মবার্ষিকী উপলক্ষে এই সম্প্রদায়ের প্রায় দু'শতাধিক পুরুষ ও মহিলা মিছিল সহকারে স্থানীয় শহর পরিক্রমা করেন। মিছিল শেষে পটলবাবুর মাঠে এক অনুষ্ঠানে বক্তব্য রাখেন সভাপতি সাখীচাঁদ রবিদাস, সম্পাদক বীরেন রবিদাস, সুধীর রবিদাস ও দ্বারিকানাথ দাস প্রমুখ। বক্তাগণ বলেন, ধর্মগতভাবে কেউ উচ্চনীয় নয়, সৎ অসৎ কর্মের দ্বারা মানুষ উচ্চ নীচ হয়। এই উন্নয়ন কমিটি কর্মসূচী হিসেবে প্রত্যেক সদস্যের ছেলে-মেয়েদের লেখাপড়া শেখানোর ব্যবস্থা করা, নিরক্ষর সদস্যকে স্বাক্ষর করা, সাধ্যমত কল্যাণমূলক কাজে অংশ গ্রহণ করা, পেশাগত কাজের ন্যায্য পারিশ্রমিক নির্দ্ধারণ, সরকার প্রদত্ত সুযোগ সুবিধা আদায় প্রভৃতি গ্রহণ করা হয়েছে।

পুরপতি বললেন

(১ম পাতার পর)

বিশেষ স্কীমে বাবুবাজার — রাধানগর রাস্তা অর্থাৎ পুরাতন খামড়া রোডের জন্য ৪ লক্ষ ১৬ হাজার ৯০১ টাকা, মহারাজা রোড অর্থাৎ ম্যাকেঞ্জী পার্ক রোডের জন্য ৪ লক্ষ ৫৪ হাজার ১০৯ টাকা এবং হরিজন বস্তি সংস্কারে ৪ লক্ষ ৫৪ হাজার ১৩৫ টাকা ধরা হয়। গত নভেম্বরে এই প্রেক্ষিতে সরকারী অনুসন্ধান কমিটি এসে সরজমিন তদন্তে রাধানগর রাস্তাটিকে প্রথম স্থান দিয়ে ঐটির জন্য স্পেশাল মঞ্জুরী দেন। মার্চের প্রথম সপ্তাহে এ ব্যাপারে সরকারী নির্দেশ আসে। জেলার পুরসভাগুলির মধ্যে একমাত্র জঙ্গিপুর পুরসভাই এই বিশেষ মঞ্জুরী পায়। তিনি সে কারণেই টেণ্ডার করে ঐ কাজ করাচ্ছেন। এবং ঠিকাদারদের বলা হয়েছে টাকা তাঁরা আগামী বছরে পাবেন। তিনি আরোও বলেন জহর যোজনায় যেসব কাজ হচ্ছে তাতে টেণ্ডারের নিয়ম নেই। ওই যোজনা অনুসারে পুরবোর্ড যে কোন উন্নয়ন কাজ করাতে পারেন নিজেদের সুপারভিসনে। অর্থাৎ শ্রম দিবস তৈরী করে শ্রমিকদের কাজ দেওয়াই ঐ যোজনার উদ্দেশ্য। জহর যোজনা খাতে গত বছর তাঁরা ৩ লক্ষ ৩৯ হাজার টাকার কাজ করিয়েছেন।

পুর এলাকায় বিদ্যুতের বাল্ব লাগানোর কাজ এবার থেকে তাঁরা নিজের হাতে নিয়েছেন বলে জানান। এ ব্যাপারে টেণ্ডার চাওয়া হয়েছে। আগামী এপ্রিল থেকে কনট্রাক্ট প্রথায় এই কাজ করানো হবে। আপাততঃ দু'তিনজন ক্যাজুয়াল লেবার দিয়ে কাজ অস্থায়ীভাবে করানো হচ্ছে। অনভিজ্ঞ লোক দিয়ে এসব কাজ করা হচ্ছে এই অভিযোগের কথা তুললে ও বিপদের আশংকা জানালে মৃগাঙ্কবাবু সে কথা স্বীকার করেন। তিনি বলেন আজকের মিটিং-এ ৯১-৯২ এর বাজেটে ১ কোটি ৩৯ লক্ষ টাকা খরচ হবে ধরা হয়েছে। তার মধ্যে পুরসভার বাৎসরিক আয়ের তিনি যে চিত্র তুলে ধরেন তাতে ট্যাক্স আদায় ৬ লক্ষ, ফেরীঘাট ৮ লক্ষ, বাড়ীর প্ল্যান ইত্যাদির জন্য ৪০ হাজার, ট্রেডট্যাক্স ৭০/৮০ হাজার, জলকর ২০ হাজার, ফলের বাগান, খাসল্যাণ্ড লীজ ইত্যাদি বাবদ ৫০ হাজার। মোটামুটি ২০ লক্ষ টাকা বিভিন্ন খাতে বাৎসরিক আয় হয়। বাকীটা সরকারী গ্রান্টের টাকা পাওয়া যাবে। জল সরবরাহ ব্যাপারে তিনি বলেন প্রথম অবস্থায় খড়খড়ি নদী থেকে জল তোলা হবে ঠিক ছিল। কিন্তু খড়খড়ি মজে যাওয়ায় এখন ডিপটিউবওয়েল দিয়ে ট্যাঙ্কে জল ভর্তির পরিকল্পনা নেওয়া হয়েছে। 'এ' জোনে জঙ্গিপুর পারে এখনো মেন রাস্তায় পাইপ বসানোর কাজ বাকি আছে। ওখানে গঙ্গা থেকে জল নেওয়া হবে। তিনি বলেন ধার নেওয়া টাকার বৃথা সুদ গুণতে আমরা আর রাজী নই, একথা জেলা পরিষদের এক সভায় আমি মন্ত্রীর সামনেই পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারদের জানায়। তাঁরা আগামী ৯২ সালের মধ্যে জল সরবরাহ ব্যবস্থা চালু করতে পারবেন বলে প্রতিশ্রুতি দেন। পুর শহরের ১৫টি ওয়ার্ডে যে ৫৪টি স্কীম নেওয়া হয়েছে তার মোটামুটি একটি বিবরণও পুরপতি সাংবাদিকদের কাছে ব্যাখ্যা করেন। ওয়ার্ড নং ১ স্কীম ৩টি টাকা মোট ১ লক্ষ ৫ হাজার, ২নং স্কীম ৩টি টাকা ৩১ হাজার, ৩নং স্কীম ৩টি টাকা ৭০ হাজার, ৪নং স্কীম ১টি ১ লক্ষ টাকা, ৫নং স্কীম ২টি ৮০ হাজার, ৬নং স্কীম ২টি ৫০ হাজার, ৭নং স্কীম ১টি ৬০ হাজার, ৮নং স্কীম ২টি ৯১ হাজার, ৯নং স্কীম ৪টি ৮২ হাজার, ১০নং স্কীম ৪টি ১ লক্ষ ০ হাজার, ১১নং স্কীম ১টি ৬০ হাজার, ১২নং স্কীম ৩টি ১ লক্ষ ৫ হাজার, ১৩নং স্কীম ২টি ৬০ হাজার, ১৪নং স্কীম ২টি ৬০ হাজার, ১৫নং স্কীম ৩টি ৮১ হাজার। তিনি বলেন ১৫নং ওয়ার্ডে তহ বাজারের রাস্তাটি ঢালাই না পাওয়ায় মানুষের দ্বারাই পিচিং করা হচ্ছে।

আর্থিক পুনর্বাসনে আপনাদের সেবায় ঃ

শর্মিষ্ঠা ফাইনান্স লিঃ

গভঃ রেজিঃ নং ২১-৪৯৭২৫

রেজিঃ এবং হেড অফিস

দরবেশপাড়া ঃ রঘুনাথগঞ্জ ঃ মুর্শিদাবাদ

আপনাদের সহযোগিতা প্রার্থী—

এ. মুখার্জী

ম্যানেজিং ডাইরেক্টর

রঘুনাথগঞ্জ (সিন—৭৪২২২৫) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।